

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

১৬: কারো জানাযার এক বা একাধিক তাকবীর ছুটে গেলে সে কি তার কাযা আদায় করবে? সে ইমামের সাথে ছালাত শুরু করবেইবা কিভাবে?

ইমামকে ছালাতের যে অবস্থাতে পাবে, ঠিক সেই অবস্থা থেকেই ইমামের সাথে ছালাত শুরু করবে। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'তোমরা (ইমামের সাথে) ছালাতের যতটুকু পাও, ততটুকু আদায় কর। আর যতটুকু তোমাদের ছুটে যায়, ততটুকু পূরণ কর'।[1] যদি মুর্দা সেখানে থাকে, তাহলে ইমাম সালাম ফিরালে সে ছালাতের বাকী অংশ পূরণ করে নিবে। কিন্তু যদি মুর্দাকে সেখান থেকে সরিয়ে নেওয়ার আশংকা থাকে, তাহলে আমাদের ফকীহগণের মতানুসারে, সে তাকবীর পূরণও করতে পারে অথবা ইমামের সাথে সালামও ফিরাতে পারে। আল্লাহই ভাল জানেন।

ফুটনোট

[1]. বুখারী, 'আযান' অধ্যায়, হা/৬৩৫।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1673

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন